

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



এই ছুটির মৌসুমে শিল্পকলার উৎসব উদযাপন

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমরা ছুটির মৌসুম কাটাচ্ছি। অনেকের জন্য এটা বছরের সেরা মাস, যা আন্তরিকতা, আনন্দ, এবং উৎসব উদযাপনে পরিপূর্ণ। অন্যদের জন্য, এই সময়টি বিশেষ করে একটি কঠিন সময়, যখন এটা আমাদের হারানো প্রিয়জন অথবা অন্যান্য দুঃখকষ্ট স্মরণ করিয়ে দেয়। এই মৌসুমটি আপনার কাছে যেমনই হোক না কেন, আমি আশা করি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আপনি একটি আন্তরিক কমিউনিটি ও সহায়তা পাচ্ছেন।

আমাদের স্কুলগুলোতে কমিউনিটি গড়ে তোলার সেরা উপায়গুলোর একটি হচ্ছে শিল্পকলার মাধ্যমে। যখন শিক্ষার্থীরা উপস্থাপন ও সৃষ্টির সুযোগ পায়, তখন তারা নিজেদের চেয়েও বৃহত্তর কোনো কিছুর অংশ হয়ে উঠে।

বিগত কয়েক সপ্তাহে, আমাদের বহু স্কুলে ছুটির মৌসুম উদযাপন থেকে শুরু করে বর্ষশেষ অনুষ্ঠানের মতো শিল্পকলা সংশ্লিষ্ট কর্মকাণ্ড দেখার বিশাল সৌভাগ্য হয়েছে। আমি সম্প্রতি ফ্র্যাঙ্ক সিনাত্রা স্কুল অভ দ্যা আর্টস-এর প্রতিষ্ঠাতা টনি বেনেটের একটি অসাধারণ শব্দাঞ্জলীতে অংশগ্রহণ করেছি, সেখানে শিক্ষার্থী ও অ্যালামনাইরা এই কিংবদন্তী গায়কের গান গেয়েছে, নৃত্য করেছে, এবং অভিনয় করেছে। এছাড়াও আমি রেডিও সিটি মিউজিক হলে

গিয়েছি যেখানে ডিউইট ক্লিন্টন হাই স্কুলের 50 জন্য নৃত্যশিল্পী রকেটস উদ্বোধন করেছে! আমাদের শিক্ষার্থীদের প্রতিভা অভিবৃত করার চাইতে কিছুই কমতি ছিলো না।

এছাড়াও আমার প্রতিদিন শিক্ষার্থীদের শিল্পকর্ম দেখার সৌভাগ্য হয়েছিল। টুইড কোর্টহাউস (Tweed Courthouse)-এ আমাদের কেন্দ্রীয় অফিসে বর্তমানে আমাদের বার্ষিক পাবলিক স্কুলস্ আর্ট এক্সিবিশন (শিল্পকলা প্রদর্শনী) পাঁচ বরো থেকে শিক্ষার্থীদের 1,200-টি থেকে বাছাই করা 122-টি চিত্রকর্ম (পেইন্টিং) ও ভাস্কর্য (স্কাল্পচার) প্রদর্শন করছে। সেগুলো টুইড-এ স্থানান্তরিত হওয়ার আগে বিজয়ী শিল্পকর্মগুলো মেট্রোপলিটান মিউজিয়াম অভ আর্ট-এ প্রদর্শিত হয়েছে! আগামী বছরের প্রতিযোগিতার শেষ তারিখ 2 ফেব্রুয়ারি—শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের শিল্পকর্ম [এখানে](#) জমা দিতে পারবেন।

আমাদের সর্বশেষ ['আর্টস্ ইন স্কুল রিপোর্ট'](#) পড়তে এবং আমাদের শিল্পকলার সুযোগসমূহ সম্পর্কে আরও জানতে আমাদের [ওয়েবসাইট](#) দেখতে আপনাকে আমন্ত্রণ জানাচ্ছি। এবং যদিও গ্রীষ্মের (সামার) এখনও কয়েক মাস বাকি, আগামী হেমন্তে (ফল) নব্য 8-12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য আমাদের চার সপ্তাহের বিনামূল্যের সামার আর্টস্ ইনস্টিটিউট-এ এখন আবেদন গ্রহণ করা হচ্ছে। এবিষয়ে [এখান](#) আরও জানুন এবং 11 ফেব্রুয়ারির মধ্যে আবেদন করুন।

আমরা যখন নতুন বছরের দিকে অগ্রসর হচ্ছি, আমি আমাদের সকল শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারদের শুভেচ্ছা জানাতে চাই। পরবর্তী সংখ্যা পিএস প্লাস ইউ (PS + You) আপনাদের ইনবক্স-এ পাঠানো হবে 2024 সালে!

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাসেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।